দৈনিক ইত্তেফাক

২৪/১০/২০০৫

তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৪

# মাদ্রাসা শিক্ষার পাঠ্যক্রম পরিবর্তন ও সংস্কার প্রয়োজন

মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাঠ্যপুস্তক সমূহের আধুনিকায়ন হয় নাই। তদুপরি অসংখ্য ভুল-ভ্রান্তিতে ভরপুর। বিশেষ করিয়া ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর গণিত বইর্তে অজস্র ছাপার ভুল লক্ষণীয়। তাহাছাড়া কোন বই-ই মানসম্পন্ন নহে। বর্তমান যুগ বিজ্ঞানের যুগ। তাহা সত্ত্বেও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ত্রুটিপূর্ণ। তাহাতে পরিবর্তনের হাওয়া লাগে নাই। এমতাবস্থায় মাদ্রাসাসমূহের সকল শ্রেণীর সকল বিষয়ের পাঠ্যপুস্তক পরিবর্তন ও সংস্কার করিয়া মাদ্রাসা শিক্ষা তথা দীনি শিক্ষার মান উন্নয়নে আশু পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**এ আর খান,**
সহকারী শিক্ষক,
আল-আরাফা ইসলামী দাখিল মাদ্রাসা,
চনপাড়া, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।